

া পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ৯. ২৩. হেরোদ যোহনকে কারারুদ্ধ করলেন কেন?

মার্কের ৬ষ্ঠ অধ্যায় থেকে জানা যায় যে, রাজা হেরোদ যোহনকে ধার্মিক ও পবিত্র লোক জেনে ভয় করতেন এবং তাঁকে রক্ষা করতেন। আর তাঁর কথা শুনে তিনি অতিশয় উদ্বিগ্ন হতেন এবং তাঁর কথা শুনতে ভাল বাসতেন। শুধুমাত্র তার স্ত্রী "হেরোদিয়ার নিমিত্ত আপনি লোক পাঠাইয়া যোহনকে ধরিয়া কারাগারে বদ্ধ করিয়াছিলেন" এবং পরে হেরোদিয়ার চাপে একান্ত অনিচ্ছা সত্ত্বেও তাকে হত্যা করেন। (মার্ক ৬/১৭-২৬)

পক্ষান্তরে লূকের ৩য় অধ্যায় থেকে জানা যায় যে, হোরোদ রাজা যোহনের প্রতি সম্ভুষ্ট ছিলেন না। তিনি শুধু স্ত্রী হোরোদিয়ার জন্যই নয়, উপরম্ভ নিজের দুষ্কর্মসমূহের কারণেও যোহনকে কারাগারে বদ্ধ করেন। (লূক ৩/১৯-২০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14105

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন